

চীন দ্বারা বিভিন্ন স্থানের নামকরণ করা প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

12 এপ্রিল, 2026

চীন দ্বারা বিভিন্ন স্থানের কাল্পনিক নামকরণ প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র শ্রী রণধীর জয়সওয়াল বলেন,:

ভারতীয় ভূখণ্ডের অংশ নানা জায়গার কাল্পনিক নামকরণ করার যে উদ্যোগ চীনা পক্ষ গ্রহণ করেছে, এই অকারণ প্রচেষ্টাকে ভারত স্পষ্টভাবে প্রত্যাখ্যান করেছে।

মিথ্যা দাবি এবং ভিত্তিহীন বর্ণনা তৈরি করার জন্য চীনের করা এই ধরনের প্রচেষ্টাগুলি অস্বীকারযোগ্য বাস্তব চিত্রের পরিবর্তন করতে পারে না যে, অরুণাচল প্রদেশ সহ এই স্থান এবং অঞ্চলগুলি সবসময় ভারতীয় ভূখণ্ডের অবিচ্ছেদ্য অংশ ছিল এবং থাকবে।

চীনা পক্ষের তরফে গৃহীত এই ধরনের পদক্ষেপ ভারত-চীন দ্বিপাক্ষিক সম্পর্ককে স্থিতিশীল এবং স্বাভাবিক করার জন্য যে প্রচেষ্টা চলছে, তাকে প্রতিহত করে। চীনকে এমন যে কোনও পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকতে হবে যা এই সম্পর্কে নেতিবাচকতা তৈরি করতে পারে এবং পারস্পরিক বোঝাপড়ার প্রচেষ্টা ক্ষতিগ্রস্ত করতে পারে।

নয়া দিল্লি

12 এপ্রিল, 2026